



কয়েক মাসের মধ্যে বিএনপির কাউন্সিল: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপির জাতীয় কাউন্সিল শিগগির আয়োজনের পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার (৪ এপ্রিল) রাতে স্থায়ী কমিটির বৈঠক শেষে তিনি বলেন, দলকে আরও সংগঠিত ও সক্রিয় করতে দ্রুত কাউন্সিলের আয়োজন করা হবে। তবে কোরবানির ঈদের আগে এ আয়োজন সম্ভব নয়, এতে আরও কয়েক মাস সময় লাগবে বলেও জানান তিনি।

এর আগে হবিগঞ্জের মাধবপুরে তেলিয়াপাড়া স্মৃতিসৌধে এক সমাবেশে বক্তব্য দেন বিএনপি মহাসচিব। সেখানে তিনি নেতাকর্মীদের উদ্দেশে বলেন, দল ক্ষমতায় এলে দেশকে রাজনৈতিক ও অর্থনৈতিকভাবে আরও শক্তিশালী করার লক্ষ্য নিয়ে এগোবে। পাশাপাশি দলের নাম ব্যবহার করে কেউ অপকর্ম করলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার কথাও তুলে ধরেন, যা দলের চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনা বলেও উল্লেখ করেন।

মির্জা ফখরুল আরও বলেন, কিছু মহল বিএনপিকে নিয়ে বিভ্রান্তিকর প্রচার চালাচ্ছে। তার দাবি, অতীতে একদলীয় শাসনের বিরুদ্ধে লড়াই করে গণতন্ত্র পুনরুদ্ধারে বিএনপির গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা ও মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করেছিলেন বলেও তিনি উল্লেখ করেন।